# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 25-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) ২০২৪-২৫ সালের বাজেটে ভারতকে বিশ্বের তৃতীয় বৃহৎ অর্থনীতি হিসেবে গড়ে তুলতে প্রয়াস অব্যাহত বলে কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজুর প্রকাশ।

২) কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণোর মিজোরামের আইআইএমসি-তে ৫০০ সংখ্যক কমিউনিটি রেডিও স্টেশনের শুভারম্ভ।

৩) অসম লোকসভা আয়োগের সংযুক্ত প্রতিযোগিতামূলক মূল পরীক্ষা আগামীকাল থেকে আরম্ভ।

এবং

৪) আগামী ১৫ আগস্টের মধ্যে রাজ্যের ১০০ জন ছাত্র-ছাত্রী থাকা সব প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক স্থায়ীর ভাবে নিয়োগ করা হবে বলে রাজ্যের শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগুর আজ হাইলাকান্দিতে ঘোষণা।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেণ রিজিজু  আজ দেশের জনাদেশকে বিরোধীরা অবমাননা করছে বলে অভিযোগ উত্থাপন করে বিরোধী পক্ষের সমালোচনা করেন ।নতুনদিল্লীতে আজ সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় শ্রী রিজিজু বলেন যে দেশের জনসাধারণ সংসদে বাজেট সম্পর্কে ইতিবাচক ও অর্থবহ আলোচনা  চাইছে । তিনি বলেন যে একাংশ দলের নেতার বক্তব্য সভার মর্যাদা ম্লান করছে ।তিনি বিরোধী পক্ষকে জনাদেশকে সম্মান করার জন্য আহ্বান জানান ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বক্তব্যের উদ্ধৃতি দিয়ে শ্রী রিজিজু বলেন যে নির্বাচন সম্পন্ন হয়েছে এবং এখন সকলের ই বিকশিত ভারতের জন্য কাজ করা সহ কেন্দ্রীয় বাজেট সম্পর্কে গঠনমূলক আলোচনা করা উচিত ।বিরোধী নেতারা বাজেট সম্পর্কে উল্লেখযোগ্য কোনো কথা বলার বিপরীতে শুধু রাজনীতি করছেন ।মন্ত্রী বলেন যে রাজনৈতিক দলের নেতাদের সদস্যদের সংসদের মধ্যে হুলুস্থূল পরিস্থিতির সৃষ্টি নাকরে যুক্তিসংগত বিতর্কে অংশ নেবার আহ্বান জানানো উচিত । তিনি বলেন যে বাজেটে ভারতকে বিশ্বের  তৃতীয় বৃহৎ অর্থনীতি হিসেবে গড়ে তুলতে প্রয়াস অব্যাহত রাখা সহ পরিকাঠামোর জন্য তহবিল প্রদান , সমাজের প্রতিটি স্তরের লোকের জন্য সুবিধা প্রদান  , মহিলার অংশ গ্রহণ নিশ্চিত করা সহ নিয়োগ সৃষ্টি  ও কৃষকদের সুবিধা প্রদান করা হয়েছে ।

---

যোরহাট আসনের সাংসদ গৌরব গগৈ গতকাল কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গাড়কারির সঙ্গে সাক্ষাৎ করেন । সংসদে চলতি বর্ষাকালীন অধিবেশনের মধ্যে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে তিনি আসামের ৩৭ নম্বর জাতীয় সড়কের অবনতির বিষয়ে আলোচনা করেন । আলোচনাকালে সাংসদ শ্রী গগৈ যোরহাট থেকে জাঁজী পর্যন্ত এবং ডিব্রুগড়ের কাছাকাছি মহাসড়কটির সংস্কার প্রক্রিয়া আরম্ভ করা হলেও তিনবার বাতিল হবার কথা জানান । সাংসদ গৌরব গগৈ সংস্কার প্রক্রিয়ার চতুর্থ পর্যায়ে ইতিবাচক ফলাফলের আশায় শ্রী গাড়কারীর সঙ্গে সাক্ষাৎ করে স্মারকপত্র প্রদান করেন ।

---

কেন্দ্রীয় সরকারের এক্ট ইষ্ট নীতির অধীনে উল্লেখ্যযোগ্য পদক্ষেপের অংশ হিসেবে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ মিজোরামের আইজলে থাকা ভারতীয় গণ সংযোগ প্রতিষ্ঠান অর্থাৎ আই আই এম সি তে ৫০০ সংখ্যক কমিউনিটি রেডিও ষ্টেশনের শুভারম্ভ করেন । তিনি এই অনুষ্ঠানে দশম জাতীয় কমিউনিটি  সম্প্রচার পুরস্কার ও ঘোষনা করেন ।অপনা রেডিও ৯০ . ০ এফ এম শীর্ষক এই সম্প্রচার কেন্দ্রের শুভারম্ভ অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের প্রতিমন্ত্রী বি এল মুরুগান  ও মিজোরামের মুখ্যমন্ত্রী লাল্ডুহোমা উপস্তিত ছিলেন ।অনুষ্ঠানে অংশ নিয়ে তার ভাষনে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী শ্রী বৈষ্ণ বলেন যে দেশের সার্বজনীন সম্প্রচার সেবার ক্ষেত্রে এই পদক্ষেপ সম্প্রচার সেবা অর্ন্তভূক্ত অঞ্চলগুলির জনসাধারণের জীবনে ইতিবাচক পরিবর্তন সাধন করবে ।তিনি বলেন যে ২০২৪ - ২৫ সালের বাজেটে উত্তরপূর্বাঞ্চলের রেল খন্ডের ক্ষেত্রের জন্য বহু পরিমাণের অর্থ প্রদান করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।তিনি বলেন যে এর ফলে মিজোরামে উন্নত রেল যোগাযোগের জন্য বহু প্রত্যাশিত স্বপ্ন বাস্তবায়িত হবে ।
অনুষ্ঠানে প্রতিমন্ত্রী শ্রী মুরুগান বলেন যে ব্যাক্তিগত রেডিও ষ্টেশনগুলির বানিজ্যিক উদ্দেশ্যের বিপরীতে কমিউনিটি রেডিও ষ্টেশন  সকল শ্রেনীর জনসাধারণের জন্য অনুষ্ঠান প্রচার করে ।

---------------------------------------------------------------------------

দেশের সবোচ্চ অসামরিক সম্মান পদ্ম পুরস্কারগুলির জন্য মনোনয়ন দাখিল প্রক্রিয়া চলতি বছরের  ১৫ সেপ্টেম্বর পর্যন্ত খোলা থাকবে ।কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের এসম্পর্কে প্রকাশ করা তথ্য অনুযায়ী পদ্ম পুরস্কারের জন্য মনোনয়ন ও পরামর্শ জাতীয় পুরস্কার পোর্টেলে অনলাইন ব্যবস্থার মাধ্যমে গ্রহণ করা হবে । উল্লেখ্য পদ্ম বিভুষণ , পদ্ম ভূষণ  ও পদ্মশ্রী হিসেবে অভিহিত এই পদ্মপুরস্কারগুলি হলো দেশের সবোচ্চ পর্যায়ের অসামরিক সম্মান । ১৯৯৫ সালে প্রবর্তন করা এই পুরস্কারগুলি প্রতিবছর সাধারণতন্ত্র দিবসের সংগে সংগতি রেখে ঘোষনা করা হয় । কলা , সাহিত্য ও শিক্ষা , ক্রীড়া , ভেষজ , সামাজিক কর্ম , বানিজ্য  ও শিল্প তথা বিজ্ঞান ও কারিগরী ক্ষেত্রে অবদান রাখা বিশিষ্ট তথা ব্যতিক্রমী সেবার প্রতি স্বীকৃতি প্রদানের

উদ্দেশ্যে এই পুরষ্কারগুলি প্রদান করা হয় । উল্লেখ্য চিকিৎসক ও বিজ্ঞানীরা ছাড়া সরকারী ক্ষেত্রের অর্ন্তগত প্রতিষ্ঠানে কর্মরত লোকেরা সহ সরকারী চাকুরীরেরা এই পুরষ্কারের জন্য মনোনীত হন ।

---------------------------------------------------------------------------

রাজ্যের জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকা আজ বিভাগীয় শীর্ষ আধিকারিকদের সংগে এক পর্যালোচনা বৈঠকে অংশ গ্রহণ করে রাজ্যের বন্যা ও নদী ভাংগন সমস্যা প্রতিরোধের লক্ষে অনুমোদিত কাজ নির্ধারিত সময়ে প্রযুক্তির সহায়তায় সম্পূর্ন করার নির্দেশ দিয়েছেন ।মন্ত্রী অভিনব কৌশল তথা প্রযুক্তির সহায়তায় কাজ আগের থেকে কিভাবে উন্নত করা যায় সে বিষয় নিয়ে আলোচনা করেন ।এছাড়া বর্তমানে রূপায়ন করা কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে আধিকারিকদের নির্দেশ দেন ।

এদিকে রাজ্যের বন ও পরিবেশ মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী আজ মরিগাও জেলায় বন্যা পরিস্থিতি পর্যালোচনা বৈঠকে অংশ গ্রহণ করে প্রয়োজনীয় নির্দেশ দেন।

---------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগের সংযুক্ত প্রতিযোগীতামূলক মূল পরীক্ষা আগামীকাল থেকে আরম্ভ হবে । ২৩৫ টি পদের জন্য অনুষ্ঠেয় এই মূল পরীক্ষায় দুই হাজার ৮২১ জন প্রার্থী অবতীর্ন হবে । উল্লেখ্য প্রারম্ভিক পরীক্ষার ফলাফলের শেষে দু হাজার ৮৯৮ জন মূল পরীক্ষার জন্য যোগ্যতা অর্জন করলেও এর মধ্যে দু হাজার ৮২১ জন প্রার্থী মূল পরীক্ষার জন্য আবেদন জানায় । ২৩৫টি পদের মধ্যে আসাম অসামরিক সেবার ৪৫ টি ,আসাম পুলিশ সেবার ৩৫ টি ,এবং আসাম অর্থ সেবার ১৩ টি পদ রয়েছে । মূখ্যমন্ত্রী ড. হিমন্ত বিশ্ব শর্মা আগামীকাল থেকে অনুষ্ঠেয় এই পরীক্ষায় অবতীর্ণ সব পরীক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়েছেন । সরকারের নির্দেশ অনুসারে এই পরীক্ষায় প্রথমবারের জন্য প্রতিটি প্রশ্ন ইংরেজী ছাড়াও অসমীয়া ভাষায় থাকবে বলে এক বার্তায় মূখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষামন্ত্রী ডক্টর রনোজ পেগু আজ বরাক উপত্যকা সফরের দ্বিতীয় দিনে হাইলাকান্দি শহরের রবীন্দ্র ভবনে আয়োজিত অসম প্রাথমিক শিক্ষক সম্মীলনির ৭৫তম রাজ্য দ্বি-বার্ষিক সাধারন সভায় অংশগ্রহন করেন । সম্মেলনে তাঁর ভাষণে মন্ত্রী ডক্টর পেগু জানান যে আগামী ১৫ই অগাষ্টের মধ্যে রাজ্যের একশ জন ছাত্র-ছাত্রী থাকা সব প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক স্থায়ীভাবে নিয়োগ করা হবে । শিক্ষা সেতুতে ৬৮ হাজার জিরো এনরোলমেন্ট থাকা ভুয়ো ছাত্র-ছাত্রীর নাম পোর্টাল থেকে কর্তন করা হবে , শিক্ষকদের দূর্গম অঞ্চলে পাঁচ বছর শিক্ষকতা করতে হবে , র‍্যাশনাইলেজন প্রক্রিয়া পুনরায় আরম্ভ হবে ,প্রাথমিক শিক্ষকদের সার্ভিস বুক তৈরী করা হবে এবং কোন শিক্ষক এটাচমেন্টে থাকতে পারবেন না । হাইলাকান্দিতে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষক সম্মিলনীর এই অনুষ্ঠানে চার বিধায়ক কৌশিক রাই , জাকির হোসেন লস্কর , কমলাক্ষ্য দে পুরকায়স্থ এবং দীপায়ন চক্রবর্তী উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

নিখিল কাছাড় হৈড়িম্ব বর্মন সমিতির পক্ষ থেকে গতকাল শিলচর আর্বত ভবনে রাজ্যের শিক্ষা ও সমতল জনজাতি বিভাগের মন্ত্রী ডক্টর রনোজ পেগুর সঙ্গে সাক্ষাৎ করে বিভিন্ন দাবী সম্বলিত একটি স্মারক পত্র প্রদান করে । স্মারক পত্রে কাছাড় , করিমগঞ্জ, হাইলাকান্দি ,নগাঁও ,হোজাই সহ সমতল জেলা সমন্বয়ে বর্মন-ডিমাসা অধিকার সুরক্ষার নিমিত্তেদ বর্মন ডিমাসা কাছাড়ী ওয়েলফেয়ার অটোনমাস কাউন্সিল গঠনের দাবী জানানো হয়েছে । স্মারক পত্র প্রদান কালে প্রতিনিধি দলে সমিতির পক্ষে বীরেন্দ্র ডাউলাগুপু বর্মন , রূপেশ খেরসা বর্মন , শোভিত লাংথাসা বর্মন প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার উপাধক্ষ্য ড: নুমাল মমিন আজ করিমগঞ্জের সরস্বতী বিদ্যানিকেতনের এক কার্যসূচীতে আংশ গ্রহণের জন্য আজ করিমগঞ্জে এসেছেন ।এই অনুষ্ঠানে যোগ দেবার আগে শ্রী মমিন জেলা বিজেপির কার্যালয়ে আধিকারিকদের সংগে সাক্ষাৎ করেন ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে আগামী ১৫ই অগাষ্ট যথাযোগ্য মর্য্যাদায় ৭৮তম স্বাধীনতা দিবস পালন উপলক্ষ্যে আজ একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে-র পৌরহিত্যে আয়োজিত সভায় এবছরের স্বাধীনতা দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান পুলিশ প্যারেড গ্রাউন্ডে অনুষ্ঠিত করার সিদ্ধান্ত হয়েছে । এবছর সকাল সাড়ে পাঁচটা থেকে তথ্য ও জনসংযোগের মাইক যোগে দেশাত্মবোধক সঙ্গীতের প্রচার , সকাল ৭টায় বেসরকারী ভবন ও প্রতিষ্ঠানে এবং সকাল ৭টা ৪৫ মিনিটে সরকারী কার্য্যলয় ও শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে । সকাল ৯টায় পুলিশ প্যারেড গ্রাউন্ডে জাতীয় পতাকা উত্তোলন করা হবে । বিকেল চারটায় শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে জেলা বার এসোসিয়েশন ও জেলা ক্রীড়া সংস্থার মধ্যে প্রর্দশনী ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হবে বলে সভায় জানানো হয়।

--------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা আইন সেবা কর্তৃপক্ষ এবং দিশা কাছাড়ের যৌথ উদ্যোগে আজ করিমগঞ্জ জি এন এম নার্সিং স্কুলে এইচ আই ভি/ এইডস আইন-২০১৭-এর মৌলিক বিষয়গুলি নিয়ে একটি সচেতনতা সভা অনুষ্টিত হয়েছে । অংশগ্রহনকারীদের মধ্যে করিমগঞ্জ চাইল্ড ওয়েলফেয়ার কমিটির সদস্য , জেলা শিশু সুরক্ষা ইউনিট , চাইল্ড লাইনের কর্মীরা উপস্থিত ছিলেন । প্রশিক্ষনে করিমগঞ্জ জেলার সহকারী আয়ুক্ত প্রিয়াঙ্কা ইয়ামনাম , জেলা আইন সেবা কর্তৃপক্ষের সদস্য সচিব মনিকা বড়ো , স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং , জেলা এইডস কন্ট্রল আধিকারীক ডক্টর বি কে সরকার প্রমূখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব লালা এবং বরাক ভ্যালী সিমেন্টস লিমিটেডের যৌথ উদ্যোগে আজ হাইলাকান্দি জেলার লালা শিক্ষা খন্ডের অধীন পাঁচটি বিদ্যালয়ের দুশ ছাত্র-ছাত্রীদের মধ্যে ছাতা বিতরন করা হয়েছে । এ উপলক্ষ্যে ক্লাবের সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত ছাতা বিতরন সভায় লালা শিক্ষা খন্ডের বি ই ই ও তপন প্রজাপতি , সি আর সি সি মনোজ পান্ডে বি ভি সি এল-এর পক্ষে মুকেশ আগরওয়াল প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী ২৮শে জুলাই তারাপুর চাঁন্দমারীর কৃষ্টি বিবেক ক্লাব প্রাঙ্গনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

-----------------------------------------------------------------------------------------